

১ ২ ৩
 ১ ধি ধি না | ধি না | ধি ধি না |

অথবা

১ ২ ৩
 ১ ধাগে তেটে তেটে | তাগে তেটে | কেটে তাগে তেটে |

[৫] নবতাল : এই তালটি দক্ষিণ ভারতীয় নয় মাত্রার 'ফুলতাল' এর অনুরূপ কিন্তু ছন্দবিভাগ ভিন্ন। ইহার মাত্রা সংখ্যা-৯। চারিটি বিভাগ। ৩।২।২।২ মাত্রার ছন্দ চারিটিই তাল। কোন ফাঁক নাই।

১ ২ ৩ ৪
 ১ ধা দেন তা | তেটে কতা | গদি ঘেনে | ধাগে তেটে |

অথবা

১ ২ ৩ ৪
 ১ ধি ধি না | ধি না | ধি ধি | নাগে তেটে |

[৬] একাদশী : দক্ষিণ ভারতীয় সঙ্গীতে প্রচলিত এগারো মাত্রার 'মণিতাল' এর অনুরূপ একাদশী তালের সৃষ্টি করেন। ইহার মাত্রা সংখ্যা-১১। চারিটি বিভাগ ৩।২।২।৪ মাত্রার ছন্দ। চারিটিই তাল। কোন ফাঁক নাই।

১ ২ ৩ ৪
 ১ ধা দেন তা | তেটে কতা | গদি ঘেনে | ধাগে তেটে তাগে তেটে |

অথবা

১ ২ ৩ ৪
 ১ ধি ধি না | ধি না | ধি না | ধি ধি নাগে তেটে |

নবপঞ্চতাল : তাল সৃষ্টির ক্ষেত্রে রবীন্দ্রনাথের আর একটি মৌলিক অবদান হইল নবপঞ্চতাল। ইহার মাত্রা সংখ্যা-১৮। পাঁচটি বিভাগ। ২।৪।৪।৪।৪ মাত্রার ছন্দের তাল। পাঁচটিই তাল। কোন ফাঁক নাই।

১ ২ ৩
 ১ ধা ধা | ধাগে তেটে দেন তা | তাগে তেটে দেন তা
 ৪ তেটে কতা গদি ঘেনে | ধাগে তেটে তাগে তেটে |